

আজকাল

কলকাতা ৩০ কার্তিক ১৪২৮ বুধবার ১৭ নভেম্বর ২০২১ শহর সংস্করণ* ৪.০০ টাকা ১২ পাতা

পশ্চিমবং

আজকাল

৩

কলকাতা বুধবার ১৭ নভেম্বর ২০২১

রাজ্য

ক্যান্সার চিকিৎসায় সাফল্য

আজকালের প্রতিবেদন

কাকিনাডার বহর একুশের শাহবাজ শেখ, হাওড়ার রামরাজাতলার শিবশঙ্কর মিত্র, শিবপুরের মনজিৎ কোঁড়, তারাতলার সরকারপুরের সুমিত্রা মণ্ডল, কারও বয়স ৬০ তো কারও ৬৪। এদের কেউ হজকিনস লিফোমা, মাস্টিপল মায়লোমার মতো দুরারোগ্য রক্তের ক্যান্সারে আক্রান্ত হয়। ওদের কেউ ২০১৪, ২০১৭ তো আবার ২০১৮ সালে বোন ম্যারো ট্রান্সপ্লান্ট (অস্থি মজ্জা প্রতিস্থাপন) করিয়ে এখন সুস্থ। তাঁদের মতো ৭৫ জন জটিল রক্তের ক্যান্সারে আক্রান্তদের বোন ম্যারো ট্রান্সপ্লান্ট

সফল হয়েছে ঠাকুরপুকুরের সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটে। মঙ্গলবার কলকাতা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনে এই সাফল্যের কথা ভাগ করে নিয়ে হাসপাতালের অধিকর্তা ডাঃ অর্ণব গুপ্ত বলেন, '২০১২ সালে আমাদের বোন ম্যারো ট্রান্সপ্লান্ট বিভাগের উদ্বোধন হলেও ২০১৩ সালে চিকিৎসা শুরু হয়। যে ৭৫ জন রোগীর বোন ম্যারো ট্রান্সপ্লান্ট সফল হয়েছে তাঁরা সকলেই সুস্থ আছেন যা আমাদের কাছে অত্যন্ত আনন্দের।' এদিনের সাংবাদিক সম্মেলনে ছিলেন বোন ম্যারো ট্রান্সপ্লান্ট বিভাগের অধিকর্তা ডাঃ পার্থপ্রতিম গুপ্ত, হাসপাতালের সেক্রেটারি অঞ্জন গুপ্ত।